**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 OCTOBER 2025** **7:35 AM IST**

==========================================================================

আসাম বিধানসভায় আগামী ২৫ শে নভেম্বর চা জনজাতি লোকেদের সুবিধার্থে একটি বিল উত্থাপন করা হবে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে এই বিলের মাধ্যমে চা বাগানের মালিকদের কাছ থেকে লাইনের মাটি চা শ্রমিককে দেওয়ার ব্যবস্থা করা হবে । আসামের প্রতিটি চিকিৎসা মহাবিদ্যালয়ে চা বাগানের শিক্ষার্থীদের জন্য ৪ টি করে আসন সংরক্ষণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ঘোষনা করেন ।মুখ্যমন্ত্রী আরো বলেন ---

বাইট

উল্লেখ্য যোরহাট জেলার মরিয়ানি মহাবিদ্যালয় খেলার মাঠে গতকাল থেকে তিনদিনব্যাপী আসাম চা জনজাতি ছাত্র সংস্থার ২৯ তম দ্বিবার্ষিক অধিবেশন ও আসাম চা জনজাতি মহিলা সমিতির কেন্দ্রীয় দ্বিবার্ষিক সাধারণ অধিবেশনে অংশ গ্রহন করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা একথা বলেন ।

---

আসাম বাল্য বিবাহ হ্রাস করার ক্ষেত্রে দেশের মধ্যে শীর্ষস্থান লাভ করেছে । রাজ্যের কন্যাশিশুদের মধ্যে ৮৪  শতাংশ ও ছেলে শিশুদের মধ্যে ৯১ শতাংশ বাল্য বিবাহ হ্রাস পেয়েছে । মুখ্যমন্ত্রীর কার্যালয় সূত্রে একথা জানানো হয়েছে । সূত্রে জানানো হয়েছে মহারাষ্ট্র ও বিহারে ৭০ শতাংশ করে , রাজস্থানে ৬৬ শতাংশ ও কর্নাটকে ৫৫ শতাংশ বাল্যবিবাহ হ্রাস পেয়েছে বলে সমীক্ষায় প্রকাশ করা হয়েছে ।

---

কাছাড়  পুলিশ গোপন সুত্রের খবরের ভিত্তিতে গতকাল অভিযান চালিয়ে শিলচর অম্বিকাপট্টি এলাকা থেকে আরও একজন ভূয়ো চিকিৎসর গ্রেপ্তার করেছে । অম্বিকাপট্টির হেলদি ইউনিক লাইফ ক্লিনিক থেকে বিপুল চন্দ্র নাথ ওরফে ডাঃ বি সি নাথ নামের ভূয়ো ডাক্তার কে চিকিৎসারত অবস্থায় গ্রেপ্তার করা হয় এবং নথিপত্র বাজেয়াপ্ত করা হয়েছে ।এ বিষয়ে পুলিশ সুপার নোমাল মাহাত জানান ---

বাইট

---

সমগ্র দেশ সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ কালীপূজা এবং আলোর উৎসব দীপাবলী পালনের প্রস্তুতি প্রায় সম্পন্ন হয়েছে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য কালীপূজা এবং দীপাবলী উপলক্ষে রাজ্যের জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন এবং পরিবেশের প্রতি লক্ষ্য রেখে উৎসব উদযাপনের আহ্বান জানান ।

দীপাবলী উপলক্ষ্যে রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা এক বার্তায় দীপাবলীর আলো সকলের জীবন আলোকিত করবে বলে আশা প্রকাশ করেছেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ দীপাবলী ও কালীপূজো উপলক্ষে জনসাধারণের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । গতকাল সন্ধ্যায় দোকান-বাজারে বিক্রেতারা মাটির প্রদীপ , নানা রংয়ের আতশবাজির পসরা সাজিয়ে বসেছেন । তারাপুর শিববাড়ীর কালীপূজো এবছর ৭৫ বছরে পদার্পন করেছে । শিলচর শ্মশান কালীবাড়ী , ফাটকবাজার কালীবাড়ী , মালুগ্রাম ভৈরববাড়ী , রামকৃষ্ণ মিশন , মাসিমপুর অরুণাচল আশ্রমে কালীপূজোর প্রস্তুতি অব্যাহত রয়েছে । শিলচর এন আই টি তে এবছর ১ লক্ষ ১১ হাজার ১১১ টি প্রদীপ প্রজ্জ্বলন করে দীপাবলী উদযাপন করা হবে । এবছর দীপোৎসবের থিম হচ্ছে ‘অপারেশন সিন্দুর’ । এছাড়া প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদনের উদ্দেশ্যেও এই প্রদীপ প্রজ্জ্বলন করা হবে ।

---

াইলাকান্দি জেলার আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত নাউড়িয়ারপারের ছাত্র হাফিজ জাবির হোসেন লস্কর সম্প্রতি কলকাতায় অনুষ্ঠিত সর্ব ভারতীয় কোরান প্রতিযোগীতায় নবম স্থান অর্জন করেছে । প্রতিযোগীতায় দেশের বিভিন্ন রাজ্য থেকে প্রায় একশর-ও অধিক প্রতিযোগীর মধ্যে জাবির হোসেন লস্কর নবম স্থান অর্জন করে । জাবির

হোসেনের এই কৃতিত্বে বিভিন্ন মহল থেকে তাকে শুভেচ্ছা জানানো হয়েছে ।

---

অসম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদের হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে গতকাল হাইলাকান্দির শহীদ বেদী প্রাঙ্গনে সঙ্গীত শিল্পী জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর নিরপেক্ষ তদন্তের দাবীতে তিন ঘন্টার অনশন কার্যসূচী পালন করা হয়েছে । অনশনের পর জেলা আয়ুক্তের নিকট উপযুক্ত তদন্তের দাবীতে একটি স্মারক পত্র দেওয়া হয়েছে ।

---